

19 ডিসেম্বর, 2022

প্রিয় পরিবারবর্গ,

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল বেছে নেয়ার জন্য এবং আপনাদের ছেলেমেয়েদের সঠিক পথে ধাবিত করতে আমাদের প্রতি আস্থা রাখার জন্য ধন্যবাদ। চ্যামেলর হিসেবে আমার প্রথম বছর শেষ হবার পথে, আমি আপনাদের প্রতি কৃতজ্ঞতা, সাধুবাদ, এবং শ্রদ্ধায় পরিপূর্ণ হয়েছি। আপনাদের অবিচল অংশীদারিত্ব এবং আপনাদের সন্তানের শিক্ষা অর্জনে সহায়তায় করার লক্ষ্যে আপনাদের ত্যাগ-তিতিষ্কার জন্য জানাচ্ছি ধন্যবাদ।


আমরা বছরটি শেষ করার আগে, আমি একসাথে সম্পন্ন করা আমাদের কিছু অসাধারণ সফলতা স্বীকার করতে চাই, এতে রয়েছে আমাদের সাক্ষরতা কর্মসূচিগুলো উন্নত করা এবং আমাদের ভর্তির প্রক্রিয়াগুলো সহজতর করা থেকে শুরু করে স্পেশাল এডুকেশন পুনর্ভাবনা এবং আমাদের সকল শিক্ষার্থীদেরকে তাদের প্রাপ্য উজ্জ্বল ভবিষ্যতের পথে অগ্রসর করার জন্য নতুন পথ-পরিক্রমা গড়ে তোলা।

এই বছরের প্রতিটি দিন আমাদের স্কুলগুলো আমাদের ছেলেমেয়েদের অসাধারণ সম্ভাবনা জোরদার করেছে। আমি তাদের চোখে আলোতে, তাদের হাসির উষ্ণতায়, এবং তাদের আত্মার শক্তিতে দেখতে পাই; এটি আমাকে সর্বদা উৎসাহিত এবং অনুপ্রাণিত করে। আমাদের দর্শন: আমাদের প্রতিটি শিক্ষার্থী একটি ফলপ্রসূ ক্যারিয়ার, দীর্ঘ-মেয়াদী অর্থনৈতিক নিরাপত্তা, এবং পরিবর্তনের জন্য ইতিবাচক শক্তির হাতিয়ার সহ গ্র্যাজুয়েট হয়—সেটার প্রতি তীক্ষ্ণ মনোনিবেশ বজায় রাখার পাশাপাশি আমি তাদের সম্ভাবনা এবং তাদের শক্তিকে নতুন বছরে আমার সাথে নিয়ে যাব।

আমি জানি, ছুটির মৌসুম বিভিন্ন জনের কাছে বিভিন্ন অর্থ বহন করে, কিন্তু আমি বিশ্বাস করি যে আমরা যেটা খুশি, যেভাবেই পালন করি না কেন, ছুটির মৌসুম আমাদের ভিতর থেকে উত্তম রূপটির বহিঃপ্রকাশ ঘটায়। এখন আমাদের ভালবাসার মানুষদের সাথে পুনঃসংযোগ সৃষ্টির জন্য বিরতি নেয়ার সময় এসেছে। আমাদের জীবনের ইতিবাচক সবকিছুর প্রতি কৃতজ্ঞতা পোষণ করার এবং, অবশ্যই, প্রতিফল, বিশ্রাম, ও উদযাপন করার। আমার জন্য, ছুটির মৌসুমটি হচ্ছে শিক্ষা বছরের দ্বিতীয় অংশটুকুর প্রতি দৃষ্টিপাত করারও সময়। আমার দায়িত্বের একটি অংশ হচ্ছে আমাদের দল ও আমি জানুয়ারিতে পূর্ণ শক্তি ও উদ্যমে ফিরে আসা, এবং আমাদের ছেলেমেয়েদের জন্য তাদের স্বপ্ন পূরণের জন্য আরও পথ-পরিক্রমা তৈরি করতে আমরা প্রস্তুত তা নিশ্চিত করা।

আমি আপনাদের প্রতি একটি আনন্দঘন ছুটির মৌসুম এবং একটি সুস্থ, সমৃদ্ধ নতুন বছর কামনা করি, এবং আমি আপনাদের এবং আপনাদের সন্তানদের নতুন বছর দেখার প্রত্যাশায় রইলাম।

কৃতজ্ঞতার সাথে,



ডেভিড সি. ব্যাংকস (David C. Banks)

নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যামেলর

To view a copy of this document in your language, visit schools.nyc.gov/messagesforfamilies

للإطلاع على نسخة مترجمة من هذه الوثيقة، يرجى زيارة الرابط schools.nyc.gov/messagesforfamilies	এই ডকুমেন্টের অনুবাদকৃত সংস্করণটি দেখতে, schools.nyc.gov/messagesforfamilies ভিজিট করুন	如要查看本文件的中文譯本，請上網到 schools.nyc.gov/messagesforfamilies
Pour voir une version traduite de ce document, allez sur schools.nyc.gov/messagesforfamilies	Pou wè yon vèsyon dokiman sa a nan lòt lang, ale nan schools.nyc.gov/messagesforfamilies	이 문서의 번역본은 schools.nyc.gov/messagesforfamilies 에 있습니다.
Перевод документа находится по адресу: schools.nyc.gov/messagesforfamilies	Para ver una versión traducida de este documento, visite schools.nyc.gov/messagesforfamilies	اس دستاویز کی ترجمہ شدہ اشاعت دیکھنے کے لیے ذیل پر جائیں schools.nyc.gov/messagesforfamilies